দর্শনায় ২ প্রতিষ্ঠান মালিকে ১৫ হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গার দর্শনায় নিত্য প্রয়োজনীয় পণ্যের বাজার তদারকির জন্য ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযান পরিচালিত হয়েছে।

গতকাল সোমবার দুপুরে দর্শনা রেল বাজার এলাকায় এ অভিযান পরিচালিত হয়। উক্ত অভিযানে ২টি প্রতিষ্ঠানকে ১৫ হাজার টাকা জরিমানা আদায় করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গা। জানাগেছে, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা কার্যালয় কর্তৃক দর্শনা রেল বাজারে মুদিদোকান, চাউল, ডিম, মুরগী, কাচাবাজার ও পাইকারি আড়ৎ সহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়।

এসময় মেসার্স সোবাহান স্টোরে অভিযানে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মুল্যতালিকা যথাযথভাবে প্রদর্শন না করা, বাচ্চাদের জন্য অস্বাস্থ্যকর রঙ মেশানো বিভিন্ন প্রকার চিপস বিক্রয়, মেয়াদ ও মুল্যবিহীন পণ্য বিক্রয়সহ বিভিন্ন অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মো: তরিকুল ইসলামকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭ ও ৪৫ ধারায় ১০ হাজার টাকা জরিমানা করা হয় এবং মেসার্স জমজম চাউল ঘরের মালিক মো: সানাউল্লাহকে চাউলসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করা ও ক্রয় বিক্রয় ভাউচার সংরক্ষণ না করার অপরাধে ৩৮ ধারায় ৫ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানে ২টি প্রতিষ্ঠানকে মোট ১৫ হাজার টাকা জরিমানা করা হয়।

পরবর্তীতে মুরগি, ডিম, কাচাবাজার ও আড়তে অভিযান পরিচালিত হয়। সবাইকে আইন মেনে ব্যবসা পরিচালনা, অতিরিক্ত মুনাফা না করার ব্যাপারে সতর্ক করা হয় ও সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

অভিযান পরিচালনা করেন, চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ। এ সময় সহযোগিতায় ছিলেন, দামুড়হুদা উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মো: আনিসুর রহমান ও দর্শনা থানা পুলিশের একটি টিম।

জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলেও জানান, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ।